

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ব-৪১/রে- ২০৪৪ (৫৫০)

তারিখঃ ০৫/১০/১৯

বিজ্ঞপ্তি

গত কয়েক বছরের অভিজ্ঞতা হতে দেখা যায় যে, ভর্তি পরীক্ষার দিন বিশ্ববিদ্যালয়ের গেইটগুলোতে ভর্তিচ্ছুক পরীক্ষার্থী ছাত্র/ছাত্রী ও তাদের অভিভাবকদের অত্যধিক ভীড় হয়। এরূপ পরিস্থিতিতে গেইটগুলো দিয়ে যানবাহন চলাচল করলে জনসাধারণের চলাচল সমস্যা অসহনীয় হয়ে উঠে।

এ প্রেক্ষিতে, পরীক্ষার্থীদের সুবিধার্থে বিশ্ববিদ্যালয়ে প্রবেশের গেইটগুলোতে (বকশীবাজার গেইট, বুয়েট শহীদ মিনার গেইট এবং পশ্চিম পলাশী একাডেমিক এলাকা গেইট) ভর্তি পরীক্ষার দিন অর্থাৎ ১৪/১০/২০১৯ তারিখ, সোমবার সকাল ৭:৩০ মিনিট হতে বিকাল ৩:৩০ মিনিট পর্যন্ত সব ধরনের যানবাহন চলাচল বন্ধ থাকবে।

এ সময়ের মধ্যে সম্মানিত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী যারা যানবাহন নিয়ে আসবেন তাদের যানবাহন সকাল ৭:৩০ মিনিটের মধ্যে বকশীবাজার গেইট দিয়ে (বুয়েট খেলার মাঠের দক্ষিণ পূর্ব কোণে) প্রবেশ করে বকশীবাজার আবাসিক ক্যাম্পাসে রাখার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লিখিত সময়ের পর গেইট দিয়ে কোন গাড়ী প্রবেশ করতে দেয়া হবে না।

ভর্তি পরীক্ষার সাথে যারা কোনভাবে দায়িত্ব প্রাপ্ত নন তাদেরকে ভর্তি পরীক্ষার দিন অর্থাৎ ১৪/১০/২০১৯ তারিখ বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে না আসার জন্য অনুরোধ করা যাচ্ছে।

নিরাপত্তা কমিটির সিদ্ধান্ত মোতাবেক পরীক্ষার দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট সকলকে উক্ত দিন বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত পরিচয়পত্র বহন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে



(অধ্যাপক ডঃ এস.এম. মাহবুবুর রহমান)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

বিতরণঃ

- ১। চেয়ারম্যান, ভর্তি কমিটিসমূহ ও ডীন, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল ডীন মহোদয়, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। সকল বিভাগীয় প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা- সংশ্লিষ্ট শিক্ষকগণের মধ্যে বিতরণের অনুরোধসহ।
- ৪। সকল অফিস প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা- সংশ্লিষ্ট সবাইকে অবহিত করার অনুরোধসহ।
- ৫। সকল হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৬। সম্মানিত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৭। পি.এস টু ডি.সি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা- ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। সকল নোটিশ বোর্ড, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৯। গার্ড ফাইল/ব-৬/ব-২৩।

Enail, NB